DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 22 Nov 2026, 10:24 PM

সারাদেশ

# ২২ বছর পর ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ২২ নভেম্বর ২০২৬, ০৮:৫৫ PM




দীর্ঘ প্রায় ২২ বছর পর আগামী ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

দীর্ঘ প্রায় ২২ বছর পর আগামী ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তাঁর এ সফর উপলক্ষে জেলা স্টেডিয়ামে আয়োজন করা হচ্ছে স্থানীয় ঐতিহ্যবাহী খেলাধুলার উৎসব। সেখানে উপস্থিত থেকে ক্রীড়া উৎসবের উদ্বোধন এবং নতুনকুঁড়ি স্পোর্টসের বিভিন্ন প্রতিযোগিতা উপভোগ করার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। এ ছাড়া সুনামগঞ্জ সদর উপজেলায় ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচিরও উদ্বোধন করবেন তিনি।

প্রধানমন্ত্রীর সফর ও ক্রীড়া উৎসবকে কেন্দ্র করে ইতিমধ্যে প্রস্তুতি শুরু করেছে জেলা প্রশাসন, স্থানীয় সংসদ সদস্য এবং বিএনপির নেতাকর্মীরা। আয়োজনের সার্বিক প্রস্তুতি ও সমন্বয় নিয়ে রোববার (২২ নভেম্বর) বিকেল ৩টায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে একটি সভা ডাকা হয়েছে। এতে সুনামগঞ্জের পাঁচজন সংসদ সদস্যের অংশ নেওয়ার কথা রয়েছে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. নুর আলম রোববার দুপুর ২টার দিকে জানান, প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সুনামগঞ্জের ক্রীড়া উৎসব আয়োজনের প্রস্তুতি নিয়ে প্রতিমন্ত্রী মো. আমিনুল হক জেলার পাঁচ সংসদ সদস্যের সঙ্গে বৈঠক করবেন। তখনো সভা শুরু হয়নি। বৈঠক শেষে এ বিষয়ে বিস্তারিত জানানো সম্ভব হবে বলে জানান তিনি।

এর আগে ২০০৪ সালে সর্বশেষ সুনামগঞ্জ সফর করেছিলেন তারেক রহমান। সে সময় শহরের পুরাতন বাসস্টেশনে আয়োজিত একটি সমাবেশে বক্তব্য দেন তিনি। পরে নৌপথে সুনামগঞ্জ-১ আসনের তৎকালীন সংসদ সদস্য প্রয়াত নজির হোসেনের আমন্ত্রণে ওই নির্বাচনী এলাকার টেকেরঘাট ও জামালগঞ্জে পৃথক দুটি সমাবেশে বক্তব্য দেন।

দীর্ঘ বিরতির পর প্রধানমন্ত্রীর সুনামগঞ্জে আসার খবরে স্থানীয় বিএনপির নেতাকর্মীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে। সফরকে ঘিরে জনপ্রতিনিধি, প্রশাসন ও দলীয় পর্যায়ে চলছে নানা প্রস্তুতি।

অতিরিক্ত জেলা প্রশাসক মতিউর রহমান খান প্রধানমন্ত্রীর সফরের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, আগামী ১২ ডিসেম্বর প্রধানমন্ত্রী সুনামগঞ্জে আসবেন। এ উপলক্ষে জেলা স্টেডিয়ামে স্থানীয় ঐতিহ্যবাহী বিভিন্ন খেলাধুলার পাশাপাশি নতুনকুঁড়ি স্পোর্টসের আয়োজন থাকবে। এ ছাড়া সুনামগঞ্জ সদর উপজেলায় ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী।

---

## এ বিভাগের আরও খবর



**ব্রাহ্মণবাড়িয়ায় ট্রাকের চাপায় অটোরিকশার যাত্রী নিহত**
ব্রাহ্মণবাড়িয়ার কুমিল্লা-সিলেট মহাসড়কে ট্রাকের ধাক্কায় অটোরিকশা থেকে ছিটকে পড়ে প্রাণ হারিয়েছেন মো. আরাফাত মোল্লা (১৯) নামের এক যুবক। ট্রাকের...



**টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ**
টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



**দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস**

ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



**কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১**

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/22-bchhr-pr-12-disembr-sunamgnj-sfre-jachchhen-prdhanmntri-tarek-rhman